

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৪৪৯.২০১৭- ২৬৬৮


তারিখ ১৯ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
২ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জনাব মোঃ সাইফুর রহমান, এডভোকেট বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা এর ১৪.১২.২০১৭ তারিখের প্রেরিত কনটেন্ট সংক্রান্ত নোটিশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভায় গত ৩০.৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত নির্বাচনে ৩নং ওয়ার্ড কাউন্সিলর পদে নির্বাচনী ফলাফল বাতিল করে পুনঃ নির্বাচনের দাবীতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ রীট পিটিশন নং-১৩৮৬১/২০১৭ দায়ের হয়। উক্ত রীট পিটিশন নং- ১৩৮৬১/২০১৭ এ ৯-১০-২০১৭ তারিখে হাইকোর্ট বিভাগে রুল ইস্যু করেন এবং নির্বাচনী ফলাফলের গোজেট প্রকাশ স্থগিত করেন। উক্ত আদেশে সংক্ষুপ্ত হয়ে জনাব কামাল উদ্দিন পাটোয়ারী আপীল বিভাগে সিল্ডি পিটিশন নং ৩৭৭৬/২০১৭ দায়ের করেন। চেম্বার জজ আদালত হাইকোর্ট বিভাগের অন্তর্ভুক্তি আদেশটি স্থগিত করেন। আপীল বিভাগ ০২.১১.২০১৭ তারিখে শুনানী অস্ত্রে চেম্বার জজ আদালত প্রদত্ত স্থগিতাদেশ হাইকোর্ট বিভাগে রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বর্ধিত করেছেন। আপীল বিভাগের আদেশের পরও কামাল উদ্দিন পাটোয়ারীকে ছাগলনাইয়া পৌরসভার ৩নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিল পদে শপথ গ্রহণের সুযোগ না দেয়ায় তার পক্ষে উক্ত কনটেন্ট নোটিশ প্রদান করা হয়।।

২। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং ১৩৮৬১/২০১৭ এর আদেশের বিষয়ে কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা আগামী ৫ (পাঁচ) দিনের মধ্যে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত : ----- ফর্দ।


০২.০১.১৮
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন)
৯৫৪০৯৯৫
E mail: dslaw1.lgd.gov@gmail.com

১. জেলা প্রশাসক, ফেনী।
২. সিনিয়র সহকারী সচিব(পৌর-২) শাখা, স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। মোঃ আশরাফুল আলম, বিজ্ঞ প্যানেল আইনজীবী, স্থানীয় সরকার বিভাগ (রীট পিটিশন নং ১৩৮৬১/২০১৭ এর আদেশের বিষয়ে কনটেন্ট সংক্রান্ত নোটিশ নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল)।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪। অফিস কপি/মাষ্টার কপি।